দৈনিক বাংলা

তারিখ 24 JAN 1993
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষিত জাতি গড়তেই গণ-শিক্ষা কার্যক্রম ঃ আইন প্রতিমন্ত্রী

রাজশাহী, ২৩ জানুয়ারী।–আইন ও বিচার প্রতিমন্ত্রী ব্যরিষ্টার আমিনুল হক বলেছেন, শিক্ষিত জাতি গড়তে হলে পাঠ্যাভ্যাসের কোন বিকল্প নেই। যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নত। সমৃদ্ধ দেশ গড়তে হলে তাই বিদ্যানুরাগী শিক্ষিত জাতির প্রয়োজন।

তিনি গতকাল রাজশাহীতে বাংলা একাডেমীর পুস্তক বিক্রয় কেন্দ্রের উদ্বোধন–কালে একথা বলেন।

আইন প্রতিমন্ত্রী গণ–শিক্ষা কর্মসূচীর উল্লেখ করে বলেন, শিক্ষিত জাতি গড়ার লক্ষ্যেই শহীদ জিয়া সর্ব প্রথম এদেশে গণ–শিক্ষা কার্যক্রম চালু করেন যা আজ গণ–আন্দোলনে পরিণত হয়েছে।

বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক হারুন–অর–রশিদের সভাপতিত্বে এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাজশাহী বিভাগীয় কমিশনার এম আমিনুল ইসলাম, রাজশাহীর জেলা প্রশাসক মোঃ সাইফু–জ্জামান, বাংলা একাডেমীর সংকলন বিভাগের পরিচালক সামসুজ্জামান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম–সচিব এম মোসলেম আলী প্রমুখ বক্তৃতা করেন।